

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
ঢাকা-১০০০।

দুর্গত এলাকাসীরা আয়কর রিটার্ন দাখিল বিষয়ক প্রকাশিত খবরের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের বক্তব্য

অদ্য ১৯/১১/২০০৭ইং তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় “দুর্গত এলাকাসীরা আয়কর রিটার্ন জমাদানে বাড়তি ৬ মাস সময় পাবেন” শীর্ষক শিরোনামে প্রকাশিত খবরের প্রতি জাতীয় রাজস্ব বোর্ডের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ বিষয়ে জানানো যাচ্ছে যে, কোন বিশেষ অঞ্চল বা জেলার করদাতাদের আয়কর রিটার্ন দাখিলের সময়সীমা বৃদ্ধির বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কোন সিদ্ধান্ত গ্রহণ করেনি বা এতদসংক্রান্ত কোন সিদ্ধান্ত কোন কর কমিশনারকেও অবহিত করা হয়নি। প্রসঙ্গত উল্লেখ্য যে, যদি কোন করদাতা অপ্রত্যাশিত প্রতিকল পরিস্থিতির কারণে যথাসময়ে আয়কর রিটার্ন দাখিল করতে ব্যর্থ হন সেক্ষেত্রে তাঁর আবেদনের প্রেক্ষিতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭৫(৩) ধারার বিধান মোতাবেক সংশ্লিষ্ট সার্কেলের উপকর কমিশনার পরিস্থিতির যৌক্তিকতা যাচাই সাপেক্ষে আবেদনকারী করদাতার রিটার্ন দাখিলের সময়সীমা কেইস টু কেইস বেসিসে নির্দিষ্ট সময় পর্যন্ত বৃদ্ধি করতে পারেন।

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
Website: <http://www.nbr-bd.org>